

নাজিরহাট পৌরসভা

ফটিকছড়ি, চট্টগ্রাম।


নাজিরহাট পৌরসভার TLCC (শহর সমন্বয় কমিটি)-এর বাজেট বিশেষ সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব এ কে জাহেদ, মেয়র, নাজিরহাট পৌরসভা, চট্টগ্রাম।
তারিখ	:	২৮/০৫/২০২৪খ্রিঃ।
সময়	:	বিকাল ৩.০০ ঘটিকা। বার- মংসলবার।
স্থান	:	নাজিরহাট পৌরসভা কার্যালয়, চট্টগ্রাম।
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট "ক"-তে বর্ণিত।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানান। এরপর তিনি টিএলসিসি-এর বাজেট বিশেষ সভার গুরুত্বারোপ করে এলাকার উন্নয়নে সকলের সহযোগিতা ও সমন্বয়ের মাধ্যমে নাজিরহাট পৌরসভাকে সামনের দিকে এগিয়ে নেওয়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে উপস্থিত সকলকে সভার আলোচ্যসূচী অনুযায়ী আলোচনার জন্য অনুরোধ জানান। এরপর আলোচনা অনুষ্ঠিত হলে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
	<p>আগামী ২০২৪-২০২৫ইং অর্থবছরের প্রস্তাবিত বাজেট ও ২০২৩-২০২৪ইং অর্থবছরের সংশোধিত বাজেট বিষয়ে আলোচনা ও অনুমোদন সংক্রান্ত ৪- এ বিষয়ে সভাপতি জানান, বাজেট পৌরসভার জন্য একটি গুরুত্বপূর্ণ বিষয়। আগামী ২০২৪-২০২৫ইং অর্থবছরে আসন্ন। প্রতি জুন মাসের মধ্যে বাজেট ঘোষিত হয়ে থাকে। সে হিসেবে এ পৌরসভার আগামী অর্থবছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২৩-২০২৪ইং অর্থবছরের সংশোধিত বাজেটের খসড়া প্রস্তুত করা হয়েছে। খসড়া সভায় খাতওয়ারী পাঠ করে শুনানো হবে। এরপর খসড়া বাজেটের উপর কোনরূপ মতামত কিংবা পরামর্শ থাকলে তা জানানোর আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে হিসাবরক্ষক ২০২৪-২০২৫ইং অর্থবছরের প্রস্তাবিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেট খাতওয়ারী পাঠ করেন। এরপর উপস্থাপিত খসড়া বাজেটের উপর দীর্ঘক্ষণ আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনান্তে ৩/৪টি রাজস্ব ও উন্নয়ন খাতে বরাদ্দ বৃদ্ধির জন্য প্রস্তাব করেন। দীর্ঘ আলোচনান্তে বর্ণিত খাতসমূহে বরাদ্দ বৃদ্ধিসহ সকলেই ঐক্যমত পোষন করায় সর্বসম্মতিক্রমে সুপারিশসহ সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>আলোচনা ও পর্যালোচনান্তে (ক) রাজস্ব হিসাব ৪- ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত রাজস্ব আয় (প্রারম্ভিক স্থিতিসহ) =৪,৭৩,০০,০০০.০০ টাকা ও সংশোধিত রাজস্ব ব্যয় =৪,৩৮,০০,০০০.০০ টাকা, সমাপনী স্থিতি/উদ্ধৃত =৩৫,০০,০০০.০০ টাকা এবং ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত রাজস্ব আয় (প্রারম্ভিক স্থিতিসহ) =৬,০০,০০,০০০.০০ টাকা ও প্রস্তাবিত রাজস্ব ব্যয় =৫,৮২,০০,০০০.০০ টাকা সমাপনী স্থিতি/উদ্ধৃত =১৮,০০,০০০.০০ টাকা এবং (খ) উন্নয়ন হিসাব ৪- ২০২৩-২০২৪ অর্থ বছরের উন্নয়ন সংশোধিত আয় (প্রারম্ভিক স্থিতিসহ) =৬,৪৮,১৪,৪৪০.৫৭ টাকা ও সংশোধিত উন্নয়ন রাজস্ব ব্যয় =৩,৬৯,১৪,৪৪০.৫৭ টাকা এবং সমাপনী স্থিতি/উদ্ধৃত =২,৭৯,০০,০০০.০০ টাকা এবং ২০২৪-২০২৫ অর্থ বছরের উন্নয়ন প্রস্তাবিত আয়(প্রারম্ভিক স্থিতিসহ) =৯১,০০,০০,০০০.০০ টাকা ও প্রস্তাবিত ব্যয় =৮৮,০০,০০০.০০ টাকা এবং সমাপনী স্থিতি/উদ্ধৃত =৩,০০,০০,০০০.০০ টাকা (গ) মূলধন হিসাব ৪-২০২৩-২০২৪ অর্থ বছরের মূলধন সংশোধিত আয় (প্রারম্ভিক স্থিতিসহ) =১,১৩,৩২,২৮৮.৪৪ টাকা ও সংশোধিত ব্যয় =১৭,৩২,২৮৮.৪৪ টাকা এবং সমাপনী স্থিতি/উদ্ধৃত =৯৬,০০,০০০.০০ টাকা এবং ২০২৪-২০২৫ অর্থ বছরের মূলধন হিসাবে প্রস্তাবিত আয়(প্রারম্ভিক স্থিতিসহ) =১,৬০,০০,০০০.০০ টাকা ও প্রস্তাবিত ব্যয় =৬০,০০,০০০.০০ টাকা এবং সমাপনী স্থিতি/উদ্ধৃত =১,০০,০০,০০০.০০ টাকার বাজেট সর্বসম্মতিক্রমে অদ্যকার সভায় অনুমোদিত হয়।</p>	<p>সংশ্লিষ্ট বিভাগ অত্র পৌরসভা।</p>

পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সম্মানিত সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে এবং সকলের সু-স্বাস্থ্য ও সার্বিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(এ কে জাহেদ)

মেয়র ও সভাপতি

TLCC

নাজিরহাট পৌরসভা

ফটিকছড়ি, চট্টগ্রাম।

তারিখ-১৩/০৬/২০২৪ইং

স্মারক নং-নাঃপৌঃ/প্রশাসবিঃ/২০২৪-২৫৩(৫০)

অনুলিপি : সদয় অবগতির জন্য :-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

৩। জেলা প্রশাসক, চট্টগ্রাম।

৪। প্রকল্প পরিচালক, IUIGP, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।

৫। উপ-পরিচালক, আরএমএসইউ, এলজিইডি, চট্টগ্রাম।


অবগতি ও কার্যার্থে :-

৬। জনাব কাউন্সিলর, নং ওয়ার্ড, নাজিরহাট পৌরসভা, চট্টগ্রাম।

৭। পৌর নির্বাহী কর্মকর্তা/সহকারী প্রকৌশলী, নাজিরহাট পৌরসভা, চট্টগ্রাম।

৮।, সদস্য, TLCC, নাজিরহাট পৌরসভা, চট্টগ্রাম।

৯। অফিস নথি।



(এ কে জাহেদ)

মেয়র

নাজিরহাট পৌরসভা

ফটিকছড়ি, চট্টগ্রাম।